

## উপজাতীয় শিশুদের মাতৃভাষায় প্রাথমিক শিক্ষা নিশ্চিত করুন —দেবশীষ রায়

বাগড়াহাড়ি জেলা সংবাদদাতা : মাতৃভাষায় প্রাথমিক শিক্ষার ব্যাপারে আমিনীতিগতভাবে একমত। পার্বত্য চট্টগ্রামে উপজাতীয় শিশুদের প্রাথমিক শিক্ষায় মাতৃভাষায় প্রচলন করতে রাষ্ট্রের পাশাপাশি প্রাইভেট সেক্টরকেও ডুমিকা রাখতে হবে। গতকাল (৩০ ফেব্রুয়ারি) বাগড়াহাড়িতে চৈত্রসংক্রান্তি, বৈশ্ব সাংগ্ৰাহি, বিষ্ণু ও বাংলা নববর্ষ ১৪১৫ পালনের উৎসব উপলক্ষে এসে উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউটে 'আন্তর্জাতিক মাতৃভাষা বর্ষ' : প্রেরিত প্রাথমিক শিক্ষায় মাতৃভাষা: শীর্ষক সেমিনারে প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ব্যারিষ্টার দেবশীষ রায় প্রধান অতিথির বক্তৃতায় উপরোক্ত কথাগুলো বলেন। বিকেল সাড়ে ৩টায় বাগড়াহাড়ি পার্বত্য জেলা পরিষদ চেয়ারম্যান মশীউর রহমান খ্রিপুয়ার সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিষদ প্রধান নির্বাহী কর্মকর্তা আবু সৈয়দ এম হাশিম, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যবিদ বিভাগের অধ্যাপক ডঃ আফসার আহমেদ ও অনন্ত বিহারী খিসা। বক্তব্য রাখেন উমাই পরিচালক সুখময় চাকমা ও জাবারাং সমিতির নির্বাহী মথুরা খ্রিপুয়া। এছাড়াও প্রধান অতিথির বক্তব্যে প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী আরও বলেন, শিশুদের এ বয়সে একাধিক ভাষা শিখতে কোন অসুবিধা নেই। আপনি, আমি পারব না কিন্তু শিউরা পারবে। স্থানীয় শিক্ষকদের নিজে নিজে এলাকায় নিয়োগ দিতে পরিষদকে দিকনির্দেশনা দেন তিনি।

আজ শনিবার টাউন হলে সন্ধ্যা ৬টায় চিত্রশায়িকা চম্পা অভিনীত ও বাগড়াহাড়ি পার্বত্য জেলায় চিত্রায়িত টেলিফিশ্ব জীবনের জলছবির প্রিমিয়ার শো অনুষ্ঠিত হবে। এছাড়াও ৫ দিনব্যাপী অনুষ্ঠানমালার মূল আকর্ষণ ১লা বৈশাখ সকাল ৮টার নববর্ষ বরণে ঐতিহ্যবাহী চৈত্রসংক্রান্তি, বৈশ্ব সাংগ্ৰাহি, বিষ্ণু ও বাংলা নববর্ষ ১৪১৫ পালনের ৬তম নববর্ষ র্যালি ও পান্তা-ইলিশ আয়োজন অনুষ্ঠিত হবে। সাড়ে ৯টায় বলি খেলা, বিকেল সাড়ে ৫টায় পুরস্কার বিতরণ অনুষ্ঠানসহ ৫ দিনব্যাপী সন্ধ্যা থেকে সন্ধ্যা পর্যন্ত সাতটি